শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং-৩২.০১.২৭১০.০০০.২৯.০০৩.২৩- ২৮৬ তারিখ: ২০ .১২.২০২৩ খ্রি.

বিষয় : "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে জানুয়ারী-২০২৪ থেকে ডিসেম্বর- ২০২৪ পর্যন্ত ক্লাবে নতুন সদস্য ভর্তিতে সহযোগিতাকরণ।

সূত্র: ৩২.০১.০০০০.০০৩.০১৪.০.৩১.১৮ (অংশ-১)-৫২২ তারিখঃ ২৮/১১/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের "কিশোর-কিশোরী ক্লাব" শীষর্ক প্রকল্পটি কিশোর-কিশোরীদের বয়ঃসন্ধিকালীন বিপথগামীতা রোধ করে সুন্দর আগামী ভবিষ্যত বিনির্মাণে অগ্রণী ভূমিকা রেখে চলেছে। প্রতিটি ইউনিয়নে ০১টি করে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে এবং প্রতিটি ক্লাবে ১০-১৯ বছর বয়সী ২০ জন কিশোরী এবং ১০ জন কিশোর সম্পূর্ণ বিনা বেতনে ভর্তির সুযোগ এবং নিম্নোক্ত সুবিধাসমূহ পাবে :

- সপ্তাহে ০২ দিন (শুক্রবার ও শনিবার) প্রকল্প কর্তৃক নিয়োগপ্রাপ্ত শিক্ষক দ্বারা সঙ্গীত ও আবৃত্তি শিখাঁনো হবে।
- বয়ঃসন্ধিকালীন শিক্ষা দেওয়া হবে।
- প্রতি ক্লাসে স্বাস্থ্যসম্মত নাস্তার ব্যবস্থা রয়েছে।
- পাঠ্যবইয়ের পাশাপাশি কিশোর-কিশোরীদের অন্যান্য শিক্ষামূলক বই পড়ার অভ্যাস গড়ে তোলার লক্ষ্যে ক্লাবে কবিতা, উপন্যাসসহ নানা ধরনের বই রাখা হয়েছে।
- খেলাধুলায় মনোনিবেশ করার লক্ষ্যে ক্লাবে দাবা, ক্যারাম, লুডুসহ অন্যান্য খেলাধুলার ব্যবস্থা রাখা হয়েছে।
  এই সকল ক্লাবে ২০২৪ সালে নতুন সদস্য ভর্তির কার্যক্রম শুরু হতে যাচ্ছে।

এমতাবস্থায়, আপনার নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে বিষয়টি অবহিত করা এবং সেইসাথে আগামী ২৫.১২.২০২৩খ্রি. তারিখের মধ্যে আগ্রহী কিশোর কিশোরীদের তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | নাম | পিতার নাম | মাতার নাম | জন্ম তারিখ | মোবাইল নাম্বর | ক্লাবের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |

প্রাপক,
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার
বিরামপুর, দিনাজপুর।

২০.১২.২০২৩
মোশাররত জাহান
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বিরামপুর, দিনাজপুর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ:
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।
৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর।
৪। মেয়র/চেয়ারম্যান, ..........................................পৌরসভা/ ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
৫। প্রধান শিক্ষক, ............................................................ বিরামপুর, দিনাজপুর। (তাঁকে ক্লাব সদস্য বাছাই এ ক্লাব সংশ্লিষ্টদের সহয়তা করার জন্য অনুরোধ করা হলো।
৬। ফিল্ড সুপারভাইজার, কিশোর-কিশোরী ক্লাব, দিনাজপুর।
৭। ক্লাব কো-অর্ডিনেটর,........................................................ বিরামপুর, দিনাজপুর। (তাঁকে ক্লাব সদস্য বাছাই এ ক্লাব সংশ্লিষ্টদের সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।
৮। জেন্ডার প্রোমোটার/ সংগীত শিক্ষক/ আবৃত্তি শিক্ষক,................................................বিরামপুর, দিনাজপুর। (ক্লাব সদস্য বাছাই এ সার্বিক বিষয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।
৯। অফিস কপি।

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.০১৪.০৩১.১৮(অংশ-১) -৫২২

তারিখঃ ২৮/১১/২০২৩ খ্রি:

**বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে জানুয়ারী/২০২৪ থেকে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত ক্লাবে নতুন সদস্য ভর্তিকরণ প্রসঙ্গে।**

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে প্রতিটি পৌরসভা ও ইউনিয়নে (৩৩০ টি পৌরসভা ও ৪৫৫৩ টি ইউনিয়ন) ৪৮৮৩ টি ক্লাব স্থাপন করা হয়েছে। প্রত্যেক ক্লাবে ৩০ জন করে প্রতি বছর ১,৪৬,৪৯০ জন কিশোর কিশোরীদের সংগীত, আবৃত্তি ও সামাজিক সচেতনতা ও আত্মরক্ষামূলক বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে সুবিধা প্রদান করা হচ্ছে। জানুয়ারী ২০২৩ খ্রি: হতে ডিসেম্বর ২০২৩ খ্রি: পর্যন্ত তৃতীয় ব্যাচের কিশোর কিশোরীদের চলমান প্রশিক্ষণ সমাপ্ত হবে।

২। প্রকল্পের মেয়াদ জুন ২০২৫ পর্যন্ত বর্ধিত হওয়ায় পরবর্তী ব্যাচের জন্য জানুয়ারী/২০২৪ খ্রি: থেকে ডিসেম্বর/২০২৪ খ্রি: পর্যন্ত প্রতি ক্লাবে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর যাদের বয়স ১০-১৯ বছর সদস্য বাছাই করে ক্লাব সদস্য হিসেবে ভর্তি করার জন্য অনুরোধ করা হল। ক্লাব সদস্য বাছাই প্রক্রিয়ায় ক্লাব ব্যবস্থাপনা কমিটি (CMC) সভার সদস্য, স্থানীয় জনপ্রতিনিধি, জেন্ডার প্রোমোটার এবং সংশ্লিষ্ট ক্লাবের শিক্ষকদের সহায়তা নেয়া যেতে পারে।

৩। উল্লেখ্য পুরাতন ক্লাব সদস্যদের তালিকা সংরক্ষণ এবং নতুন ক্লাব সদস্যের তালিকা প্রকল্পের website (www.kkcp.gov.bd) এ আগামী ৩১ জানুয়ারী/২০২৪ খ্রি: এর মধ্যে এন্ট্রি প্রদান করতে হবে।

২৮/১১/২০২৩

মো: ইকবাল হোসেন
যুগ্মসচিব
প্রকল্প পরিচালক (অ:দা)
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

উপ-পরিচালক (সকল জেলা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)
মহিলা বিষয়ক অধিদপ্তর

অনুলিপি:

১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)।
২। সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪। ফিল্ড সুপারভাইজার, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প। (বিষয়টি নিবিড় মনিটরিং এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের ওয়েবসাইটে ক্লাব সদস্যদের তালিকা হালনাগাদ নিশ্চিত করার জন্য বলা হল।)
৫। অফিস কপি।

# বিরামপুর উপজেলায় ০৮টি “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের তালিকা।

| ইউনিয়ন/পৌরসভার নাম | ক্লাব/বিদ্যালয়ের নাম |
|---|---|
| বিরামপুর পৌরসভা | বিরামপুর মডেল সরকারি প্রা: বি: |
| ১নং মুকুন্দপুর ইউনিয়ন | গংগাপুর সরকারি প্রা: বি: |
| ২নং কাটলা ইউনিয়ন | কাটলা সরকারি প্রা: বি: |
| ৩নং খানপুর ইউনিয়ন | রতনপুর সরকারি প্রা: বি: |
| ৪নং দিওড় ইউনিয়ন | শিয়ালা সরকারি প্রা: বি: |
| ৫নং বিনাইল ইউনিয়ন | রামকৃষ্ণপুর সরকারি প্রা: বি: |
| ৬নং জোতবানী ইউনিয়ন | কেটরা সরকারি প্রা: বি: |
| ৭নং পলিপ্রয়াগপুর ইউনিয়ন | দূর্গাপুর সরকারি প্রা: বি: |